# অগ্রণী ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি নং ০৫/২০২৬ | তারিখঃ ২৪/০৮/২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

"অগ্রণী ব্যাংক পিএলসি, এর সাবসিডিয়ারী প্রতিষ্ঠান অগ্রণী এসএমই ফাইন্যান্স পিএলসি, এ প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| পদের নাম | বেতন/ভাতাদি | শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতা |
|---|---|---|
| প্রধান নির্বাহী কর্মকর্তা (চুক্তিভিত্তিক) | আলোচনা সাপেক্ষে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যুনতম স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। অর্থনীতি, ব্যাংকিং ও ফিন্যান্স কিংবা ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চতর ডিগ্রী থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। একাডেমিক কোনো পরীক্ষায় অন্তত ১ টি প্রথম শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। কোনো তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। (খ) কোন বাণিজ্যিক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা প্রধান নির্বাহী পদের অব্যবহিত পূর্ববর্তী পদে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসহ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে সক্রিয় কর্মকর্তা হিসেবে ন্যূনতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের মহাব্যবস্থাপক/তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা অথবা বেসরকারী বাণিজ্যিক ব্যাংকের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট (এসইভিপি)/ সমতুল্য অথবা তদূর্ধ্ব পদমর্যাদার কোন কর্মকর্তা যার শাখা ব্যবস্থাপক হিসেবে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ব্যাংকের সক্রিয় কর্মকর্তা হিসেবে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা রয়েছে। |

ক) বয়সসীমাঃ আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখে সর্বোচ্চ ৬০ (ষাট) বছর। অধিকতর যোগ্য ও অভিজ্ঞতা সম্পন্নদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ) কোন কোম্পানীর চেয়ারম্যান/পরিচালক/কর্মকর্তা থাকাকালীন স্বীয় পদ হতে বরখাস্তকৃত ব্যক্তি আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।

গ) ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন পরিচালক বা অগ্রণী এসএমই ফাইন্যান্স পিএলসি, এর সাথে ব্যবসায়িক স্বার্থ রয়েছে এমন ব্যক্তি প্রধান নির্বাহী পদে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

আমার দেশ

ঘ) বাংলাদেশ ব্যাংকের ডিএফআইএম সার্কুলার নং-০২, তারিখঃ ২৫/০৩/২০১৫ এবং ডিএফআইএম সার্কুলার নং-১১, তারিখ: ২০/০৬/২০২২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক নিয়োগ কার্যকর করা হবে।"

**শর্তাবলী ঃ** দরখাস্তের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, চেয়ারম্যান/কমিশনার-এর নিকট হতে গৃহীত নাগরিকত্ব সনদ, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/চেয়ারম্যান/কাউন্সিলর- এর নিকট হতে সম্প্রতি গৃহীত চারিত্রিক সনদপত্র, সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষা, বোর্ড/বিশ্ববিদ্যালয়, বিভাগ/শ্রেণী/সিজিপিএ, পাশের সালসহ), জন্ম তারিখ, ১০/০৯/২০২৬ তারিখে বয়স, নিজ জেলার নাম, যোগাযোগের জন্য ফোন নম্বর, বৈবাহিক অবস্থা, জাতীয়তা, ধর্ম ইত্যাদি উল্লেখ থাকতে হবে। অর্জিত অভিজ্ঞতা সংক্রান্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। দরখাস্ত ও খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

**অন্যান্য শর্তাবলীঃ**

- ❖ চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ❖ পরীক্ষা/সাক্ষাৎকারের উদ্দেশ্যে যাতায়াতের জন্য ব্যাংক কর্তৃপক্ষ কোন প্রকার খরচ বহন করবে না।
- ❖ চুক্তিভিত্তিক চাকুরির মেয়াদকাল হবে অন্যূন ৩ (তিন) বছর।
- ❖ দরখাস্ত অবশ্যই সর্বশেষ ১০/০৯/২০২৬ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, এইচআর প্ল্যানিং, ডিপ্লয়মেন্ট অ্যান্ড অপারেশনস ডিভিশন, অগ্রণী ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়, ৯/ডি, দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা বরাবর ডাকযোগে পৌছাতে হবে।
- ❖ দরখাস্ত ও দরখাস্তের সাথে সংযুক্ত আনুষঙ্গিক কাগজপত্রাদি scan করে soft copy সমূহ gmadmin@agranibank.org ই-মেইলে প্রেরণ করতে হবে।
- ❖ সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
- ❖ নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ❖ কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত বাতিল করার কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**মহাব্যবস্থাপক**

এইচআর প্ল্যানিং, ডিপ্লয়মেন্ট এন্ড অপারেশনস ডিভিশন (এইচআর),
অগ্রণী ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়,
৯/ডি, দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
ফোন নং-০২-২২৩৩৮৫১১

ডিসি-২৩৯/২৬ (৬"X৩)